

# বাংলাদেশে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা: মর্যাদা, নিরাপত্তা ও টেকসই সমাধানের পথে করণীয়

২৪ আগষ্ট ২০২৫

participates
in survival strategies
of coastal poor
COAST Foundation


CCNF
Cox's Bazar CSO-NGO Forum

# দীর্ঘস্থায়ী রোহিঙ্গা সংকট



- রোহিঙ্গা আগমনের ৮ম বছর
- প্রায় ১১,৪৮,৫২৯ জন রোহিঙ্গা বর্তমানে উখিয়া ও টেকনাফের বসবাস করছে।
- প্রতি বর্গ কিমিতে প্রায় ৪০ হাজার জনসংখ্যা
- স্থানীয় প্রায় ৫ লাখ মানুষের ওপর চাপ সৃষ্টি হয়েছে
- সরকার, জাতিসংঘের সংস্থা, স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলির নেতৃত্ব হাজার হাজার রোহিঙ্গার জীবন বাঁচিয়েছে
- রোহিঙ্গা শরণার্থীরা তাদের বেঁচে থাকার জন্য সম্পূর্ণরূপে মানবিক সহায়তার উপর নির্ভরশীল
- বৈশ্বিক তহবিল কমার ফলে মানবিক সহায়তা হ্রাস পেয়েছে, যার ফলে মানবিক সহায়তায় উল্লেখযোগ্য কমেছে

# জয়েন্ট রেসপন্স প্ল্যানঃ তহবিল সংগ্রহের হার উল্লেখ্যযোগ্য হারে কমছে




গত আট বছরের তুলনামূলক বিশ্লেষণ



# নতুন আরো রোহিঙ্গা আগমন এবং খাদ্য সংকট বৃদ্ধি



World Food Programme (WFP) e-voucher outlet in Cox's Bazar, photo:WFP/2023

- জরুরি নতুন তহবিল ছাড়া, মাসিক রেশন প্রতি ব্যক্তি অর্ধেক ৬ করে মার্কিন ডলারে নেমে আসতে পারে, যা প্রতি ব্যক্তি ১২.৫০ মার্কিন ডলার থেকে কমিয়ে আনা পরিকল্পনা করা হয়েছে
- বর্তমানে প্রতিটি রোহিঙ্গা প্রতি মাসে ১২ ডলার পায়
- সকল রোহিঙ্গা ই-ভাউচারের মাধ্যমে ক্যাম্পে খুচরা বিক্রেতাদের কাছ থেকে তাদের পছন্দের খাবার নিতে পারে
- পূর্ণ রেশন বজায় রাখার জন্য, **WFP**-এর এপ্রিল মাসের জন্য জরুরিভাবে দরকার ১৫ মিলিয়ন মার্কিন ডলার এবং
- ২০২৫ সালের শেষ নাগাদ ৮১ মিলিয়ন মার্কিন ডলার প্রয়োজন
- এই পরিকল্পনা করা হয়েছে নতুন করে ১ লক্ষ ৫০ হাজার রোহিঙ্গা বাংলাদেশে আসার ফলে
- বর্ডারে আরো হাজার হাজার রোহিঙ্গা আসার অপেক্ষা করছে

# শিক্ষা খাতের নাজুক পরিস্থিতি



Learning center in camp 14, Photo: COAST Foundation

- বর্তমানে বিপুল সংখ্যক শিশু (**ECE**-গ্রেড ৪) স্কুলের বাইরে
- শিক্ষার সুযোগ-সুবিধা দীর্ঘ সময় ধরে বন্ধ থাকার কারণে অভিভাবকরা তাদের সন্তানদের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত
- অনেক শিশু অনৈতিক আচরণে লিপ্ত হচ্ছে এবং তাদের শেখার অগ্রগতি হ্রাস পাচ্ছে
- অপরাধের সাথে শিশুরা জড়িত হয়ে পরছে
- নিয়মিত ক্লাসের অভাবে শিক্ষক স্বেচ্ছাসেবকরা তাদের প্রভাব এবং প্রেরণা হারাচ্ছেন
- শিশু পাচার এবং সম্পর্কিত ঝুঁকির ঘটনা বাড়ছে
- হোস্ট কমিউনিটির শিক্ষকরাও তাদের চাকরি হারিয়েছেন, যা সামাজিক সংহতির ক্ষেত্রে বড় উদ্বেগ তৈরি করেছে

# নিরাপদ পানির ও পরিবেশের সংকট



Water Scarcity in Teknaf Rohingya camp, Photo: COAST Foundation

- উখিয়া এবং টেকনাফ অঞ্চলে ভূগর্ভস্থ পানির স্তর অত্যধিক উত্তোলনের কারণে হ্রাস পেয়েছে
- রোহিঙ্গা আগমনের পর থেকে বিপুল সংখ্যক গভীর নলকূপ স্থাপন করা হয়েছে
- এই অত্যাধিক পানি উত্তোলনের ফলে জলাধারের উপর উল্লেখযোগ্য চাপ পড়েছে
- উখিয়া এবং টেকনাফ উপজেলার স্থানীয় মানুষের পানির স্তর হ্রাস ও অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছে
- বিশেষ করে শুষ্ক মৌসুমে পানির নেটওয়ার্ক থেকে প্রতিদিন ২০-৩০ মিলিয়ন লিটার পানি উত্তোলন করা হচ্ছে
- রোহিঙ্গা শরণার্থীরা প্রতি মাসে ১০,০০০ টন বর্জ্য উৎপন্ন করে (পরিবার এবং অন্যান্য উৎস) করছে

# ভূগর্ভস্থ পানির ব্যবহার ও প্লাস্টিকের ব্যবহার কমানো



- ভূগর্ভস্থ পানির সীমিত ব্যবহার কমানোর জন্য বারবার বলা হচ্ছে
- ভূপৃষ্ঠ থেকে পরিষ্কার এবং নিরাপদ পানির সরবরাহ বিকল্প হতে পারে সমুদ্রের লবণাক্ত পানি বিশুদ্ধ করে সরবরাহ করা
- রোহিঙ্গা শিবিরগুলিতে প্লাস্টিক সীমিত ব্যবহার বা এড়ানোর জন্য **RRRC** পরিপত্র মেনে চলা
- কিন্তু প্লাস্টিক এর সীমিত ব্যবহারের বিষয়গুলিতে আমরা কোনও উল্লেখযোগ্য অগ্রগতি দেখতে পাচ্ছি না

# স্থানীয় সরকারকে সিদ্ধান্ত গ্রহণ কাঠামোয় অন্তর্ভুক্তি




ক্ষতিগ্রস্ত হোস্ট কমিউনিটিতে ব্যয় করা তহবিল সম্পর্কে আমাদের কাছে কোনও নির্দিষ্ট তথ্য নেই।

স্থানীয় সরকার সমন্বিত সাড়াদান প্রক্রিয়া তৈরিতে জড়িত নয়

দীর্ঘস্থায়ী সমস্যা স্থানীয় এবং জাতীয় এনজিও নেতাদের উন্নয়নের জন্য আমরা কোনও রোডম্যাপ দেখতে পাই না

# নিরাপত্তা এবং সুরক্ষা এখনও একটি বড় উদ্বেগ



- ক্যাম্পের ভেতরে এখনো বিভিন্ন নিরাপত্তা ও উদ্বেগ রয়েছে
- হোস্ট কমিউনিটির শিক্ষকদের সমস্যা সমাধানে কোনও ইতিবাচক লক্ষণ দেখা যাচ্ছে না
- শরণার্থী শিবিরের মধ্যে ২,৮৬০ টি বাংলাদেশী পরিবারের উল্লেখযোগ্য সমস্যায় আছে
- ক্যাম্পগুলিতে পাচার, অপহরণ, চোরাচালানের মতো ঘটনা নিয়মিত ঘটছে

# আমাদের কিছু প্রশ্ন????




- প্রত্যাবাসন কতদিনে শুরু হবে? কোন ইতিবাচক লক্ষণ আছে?
- পুল ফান্ডের স্বচ্ছতা কি? একটি বৃহৎ এনজিও দিয়ে পুল ফান্ডের ব্যবস্থাপনা আমরা চাই না।
- স্থানীয় সরকারের সাথে প্রত্যাবাসন সংক্রান্ত নিয়ে কোন পরামর্শ বা আলোচনা করা হয়?
- রোহিঙ্গা সমস্যা সমাধানে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী পরিকল্পনা কী?
- তহবিল হ্রাসের কারণে স্থানীয়/জাতীয় সংস্থাগুলি তাদের অংশীদারিত্ব হারিয়েছে। কীভাবে তাদের অন্তর্ভুক্ত করা যায়?
- স্থানীয় সমস্যাগুলি কীভাবে সমাধান করা হচ্ছে?

# টেকসই রোহিঙ্গা সমস্যা সমাধানে আমাদের সুপারিশসমূহ




1. কক্সবাজার এবং স্থানীয় সম্প্রদায়ের প্রতি কোনও অসামঞ্জস্যপূর্ণ/বৈষম্যপূর্ণ আচরন করা যাবে না।
2. আইএসসিজিতে স্থানীয় সরকারের প্রতিনিধিত্ব চাই
3. স্থানীয়/জাতীয় পর্যায়ে এনজিওদের দিয়ে স্বল্প খরচে কার্যক্রম পরিচালনা করা
4. জাতিসংঘ সকল কার্যালয়ে স্থানীয় কর্মী নিয়োগ প্রদান
5. কক্সবাজারে (আইএনজিও/ইউএন) এর অফিস রাখার প্রয়োজন নেই
6. উচ্চ ব্যয় কমাতে উখিয়া পর্যায়ে সকল প্রশিক্ষণ/সভা/কর্মশালা সেমিনার হওয়া উচিত

# পরিবেশগত সুরক্ষা  এবং শিক্ষার জন্য সুপারিশ



1. পরিবেশ পুনরুদ্ধার তহবিল তৈরি করতে হবে
2. শুধুমাত্র ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার করতে হবে
3. ভূগর্ভস্থ পানি উত্তোলন এখনই বন্ধ করতে হবে
4. পানির অবস্থান জানতে জরুরি গবেষণা প্রয়োজন
5. পুকুর খনন এবং বৃষ্টির পানি ব্যবহার করতে হবে
6. ভূপৃষ্ঠের পানির জলাধার তৈরি করতে হবে
7. ৩০০০+ স্থানীয় সম্প্রদায়ের মানুষ ক্যাম্পের ভেতরে বসবাস করছেন যাদের জন্য নির্দিষ্ট পরিকল্পনা করতে হবে
8. হোস্ট কমিউনিটি স্কুলগুলিকে গণিত এবং ইংরেজিতে সহায়তা দিতে হবে
9. ক্যাম্পগুলোতে শিক্ষার জন্য বিকল্প পরিকল্পনা এবং দাতা খুজতে হবে

# টেকসই রোহিঙ্গা সমস্যা সমাধানে রাজনৈতিক সুপারিশসমূহ




1. মিয়ানমারের রাখাইন রাজ্যে গণহত্যা এবং মানবতাবিরোধী অপরাধের প্রমাণ পাওয়া গেছে তার ন্যায়বিচার নিশ্চিত করতে হবে
2. মিয়ানমার সেনাবাহিনীর নৃশংসতার বিচার এবং জবাবদিহিতা নিশ্চিত করার জন্য জরুরি আন্তর্জাতিক পদক্ষেপ নিতে হবে
3. তাদের কোন প্রকার দায়মুক্তি প্রদান চলবে না
4. তৃতীয় দেশ প্রত্যাবাসনের উপর মনোযোগ দিতে হবে
5. রোহিঙ্গা সংকট ব্যবস্থাপনায় ভারত, চীন এবং রাশিয়াকে সম্পৃক্ত করতে হবে
6. রোহিঙ্গা প্রবাসীদের প্রত্যাবাসনে কাজে লাগাতে হবে



“দীর্ঘস্থায়ী সংকট মোকাবেলা করতে কক্সবাজারের স্থানীয় নেতৃত্বের উপর জোর প্রদান ও

রোহিঙ্গাদের কথা শোনার কোন বিকল্প নেই”

সকলকে ধন্যবাদ

